

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ শয়তানের ওয়াসওয়াসার সময় আল্লাহর একাত্ববাদ ও তাঁর মনোনিত বান্দা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রিসালাতের স্বীকারক্তি দেওয়ার নির্দেশ

ذِكْنُ الْأَمْرِ لِلْمَرْءِ بِالْإِقْرَارِ لِلَّهِ جَلَّ وَعَلَا بِالْوَحْدَانِيَّةِ وَلِصَفِيِّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالرِّسَالَةِ عِنْدَ وَسْوَسَةِ الشَّيْطَانِ إِيَّاهُ

## আরবী

أَخْبَرَنَا الْعَبَّاسُ بْنُ أَحْمَدَ بْنِ حَسَّانَ السَّامِيُّ بِالْبَصِرْةِ حَدَّثَنَا كَثِيرُ بْنُ عُبَيْدِ الْمَذْحِجِيُّ حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ أَخْبَرَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ لللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "لَنْ يَدَعَ الشَّيْطَانُ أَنْ يَأْتِي أَحَدَكُمْ فَيَقُولُ: مَنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ؟ فَيَقُولُ: اللَّهُ, فَيَقُولُ: فَمَنْ خَلَقَكَ؟ فَيَقُولُ: اللَّهُ, فَيَقُولُ: مَنْ خَلَقَ اللَّهَ؟ فَإِذَا حَسَّ أَحَدُكُمْ بِذَلِكَ فليقل آمنت بالله وبرسله الله على الراوي : عَائِشَةَ ا المحدث : شعيب الأرنؤوط ا المصدر : صحيح ابن حبان الراوي : عَائِشَة ا المحدث : شعيب الأرنؤوط ا المصدر : صحيح ابن حبان الصفحة أو الرقم: 150 ا خلاصة حكم المحدث: إسناده صحيح.

## বাংলা

১৫০. আরেশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "শয়তান মানুষের কাছে এসে এরকম বলতে মোটেও ছাড়বে না: 'কে আসমানসমূহ ও জমিন সৃষ্টি করেছেন?' তখন সে বলে: আল্লাহ। অতঃপর সে আবার প্রশ্ন তুলে বলে: তোমাকে কে সৃষ্টি করেছেন? সে জবাবে বলে: আল্লাহ। অবশেষে সে প্রশ্ন তুলে: আল্লাহকে কে সৃষ্টি করেছেন?

তোমাদের কেউ এই ধরণের প্রশ্ন মনে অনুভব করলে সে যেন বলে: আমি আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি ঈমান আনয়ন করেছি।"[1]

## ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৬/২৫৭; বাযযার: ৫০; মাজমা'উয যাওয়াইদ: ১/৩৩; হাদীসটি আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে নিম্নোক্ত কিতাবে বর্ণিত হয়েছে: মুসনাদ আহমাদ: ২/৩৩১; সহীহ আল বুখারী: ৬/২৪০; সহীহ মুসলিম: ১৩৪; আবু আওয়ানা: ১/৮১; আবু দাউদ: ৪৭২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন